

Times Today BD

জেলার খবর | 29 March, 2025

নেত্রকোণার দুর্গাপুরে পাচারকালে ভিজিএফের ১৬ বস্তা চাল জব্দ করেছে স্থানীয় লোকজন। শনিবার (২৯ মার্চ) ভোর ৫টার দিকে দুর্গাপুর উপজেলার ২নং দুর্গাপুর ইউনিয়ন পরিষদ কার্যালয় থেকে এসব চাল পাচারের চেষ্টা করা হয়।

স্থানীয়দের খবরে ঘটনা স্থলে যান উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. মোস্তাফিজুর রহমান। তিনি ১৬ বস্তা চাল জব্দ করেন এবং তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ঈদ উপলক্ষে দরিদ্র ও দুস্থদের মাঝে বিতরণের জন্য দুর্গাপুর ইউনিয়নের জন্য ৩৫ মেট্রিক টন ২২০ কেজি চাল বরাদ্দ করা হয়। গত ২৪ মার্চ ৩ হাজার ৫২২ জনের মাঝে চাল বিতরণ করা হলেও, অনেক সুবিধাভোগী অভিযোগ করেছেন যে, তারা চাল পাননি।

এ ঘটনায় ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা ও চৌকিদারদের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ উঠেছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, অনেক কার্ডধারী চাল পাননি, অথচ চাল পাচারের ঘটনা ধরা পড়েছে।

দুর্গাপুর ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মুকছেদুল হক মীর দাবি করেন, জব্দকৃত চাল গ্রাম পুলিশের পারিশ্রমিকের জন্য নির্ধারিত ছিল। তবে স্থানীয় বাসিন্দাদের সন্দেহ, চাল পাচার করা হচ্ছিল।

স্থানীয় বাসিন্দা জামাল উদ্দিন জানান, "ফজরের নামাজ শেষে পরিষদের সামনে দিয়ে যাওয়ার সময় দেখি, দুইটি অটো করে চাল নিয়ে যাওয়া হচ্ছে। সন্দেহ হওয়ায় আমরা সামনে গিয়ে অবস্থান নেই, তখন তারা অন্য রাস্তা দিয়ে পালানোর চেষ্টা করে। পরে স্থানীয়দের খবর দিলে চাল জব্দ করা হয়।"

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. মোস্তাফিজুর রহমান বলেন, "স্থানীয়দের সহযোগিতায় ১৬ বস্তা চাল জব্দ করা হয়েছে। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"

ভিজিএফ চাল পাচার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:04

URL: <https://www.timestodaybd.com/countrywide/181714151>